

# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

ড্যাফোডিল স্মার্ট সিটি, বিরুলিয়া, সাভার, ঢাকা ১২১৬

## নোটিশ


তারিখঃ ৪ নভেম্বর ২০২৩

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহণে গতকাল, ৩ নভেম্বর ২০২৩ রোজ শুক্রবার বাদ জুম্মা প্রয়াত ছাত্র মোঃ হাসিবুল হাসান অন্তর - এর বিদেহী আত্মার মাগফিরাত কামনায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া করা হয়।

এই অনাকাঙ্ক্ষিত ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণের জন্য আইন-শৃঙ্খলা বাহিনী সদা সজাগ হয়ে কাজ করছে, ন্যায্য বিচার এবং শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিনিয়ত আইন-শৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করছে। এই পরিস্থিতিতে শিক্ষার্থীদের প্রতিটি পদক্ষেপ নিতে হবে বিচক্ষণতার সহিত; আমাদের সকলের ব্যক্তিগত নিরাপত্তা এবং প্রতিবেশীদের নিরাপত্তা যেন বিঘ্নিত না হয় সেই দিকে লক্ষ্য রাখতে হবে।

আমাদের সাথে সমগ্র এলাকাবাসী, এই বিশ্ববিদ্যালয় পরিবারের একজন শিক্ষার্থী হারানোর অবর্ণনীয় ব্যথায় সমব্যথী। বিশ্ববিদ্যালয়ের সূচনালগ্ন থেকেই এলাকাবাসী আমাদের শুভাকাঙ্ক্ষী। এছাড়াও, প্রতিবেশীদের ভবন ভাড়া নিয়ে আমাদের প্রিয় শিক্ষার্থীসহ অনেক শ্রদ্ধেয় সহকর্মী বসবাস করেন। সুতরাং, ভুল তথ্যে ও ভুল কাজে এই সহযোগিতাপূর্ণ সম্পর্ক যেন বিঘ্নিত না হয়, তা নিশ্চিত করার দায়িত্ব আমাদের সবার।

শিক্ষার্থীদের সকল ধরনের সহযোগিতা প্রদানে আমরা সদা-তৎপর। উল্লেখ্য যে, জনাব মোহাম্মদ বদরুজ্জামান, সহকারী অধ্যাপক, আইন বিভাগ, ভারপ্রাপ্ত প্রক্টর হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।



ড. মোহাম্মদ নাদির বিন আলী

রেজিস্ট্রার

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি